গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
শাখা-১ (প্রশাসন)
ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮
www.lrb.gov.bd

**ভূমি সংস্কার বোর্ডের ডিসেম্বর, ২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | এ.জে.এম. সালাহ্ উদ্দিন নাগরী<br>চেয়ারম্যান |
| সভার তারিখ | ১৪ ডিসেম্বর, ২০২৫ খ্রিঃ। |
| সভার সময় | বেলা ১১: ০০ ঘটিকা। |
| স্থান | সম্মেলন কক্ষ, ভূমি সংস্কার বোর্ড, তেজগাঁও, ঢাকা। |
| উপস্থিতি | উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট- 'ক' তে সংযুক্ত |

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে নবযোগদানকৃত উপ-ভূমি সংস্কার কমিশনার, খুলনা বিভাগ, খুলনা জনাব মাশরুবা ফেরদৌস এবং উপ-ভূমি সংস্কার কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ জনাব সুলতানা রাজিয়া-কে স্বাগত জানানো হয়। অতঃপর সভাপতি সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ (প্রশাসন) জনাব শ্রাবণী রায় কে আলোচ্যসূচিসমূহ সভায় উপস্থাপন করার আহ্বান জানান। সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ (প্রশাসন) বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। এতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর কার্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| (১) | সংস্থাপন জনবল, নিয়োগ ও পদোন্নতি | ভূমি সংস্কার বোর্ডের জনবল নিয়োগের বিষয়ে সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, বিভাগীয় নির্বাচন কমিটি (ডিপিসি) কর্তৃক অপেক্ষমাণ তালিকা হতে সুপারিশপ্রাপ্ত গাড়িচালক পদে ০১টি ও অফিস সহায়ক পদে ০১টি মোট ০২টি শূন্য পদে নিয়োগের লক্ষ্যে পুলিশ ভেরিফিকেশন প্রতিবেদন পাওয়া গেছে। তৎপ্রেক্ষিতে ০৯-১২-২০২৫ তারিখের ৭২৫ ও ৭২৬ নং স্মারকে ১৮-১২-২০২৫ তারিখের মধ্যে যোগদানের জন্য অনুরোধ করে নিয়োগপত্র ইস্যু করা হয়েছে। সভাপতি নিয়োগ কার্যক্রম দ্রুততম সময়ে সম্পন্ন করতে নির্দেশনা প্রদান করেন। | সুপারিশপ্রাপ্ত গাড়িচালক পদে ০১টি ও অফিস সহায়ক পদে ০১টি মোট ০২টি শূন্য পদে নিয়োগ কার্যক্রম দ্রুততম সময়ে সম্পন্ন করতে হবে। | সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ |

| | | | | |
|---|---|---|---|---|
| (২) | বাজেট ও অডিট আপত্তি | (ক) সভায় বাজেট ও অডিট আপত্তি সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। এতে সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ সভাকে জানান যে, রাজস্ব অডিট অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখার কর্মকর্তার সাথে ভূমি সংস্কার বোর্ডের উপ-ভূমি সংস্কার কমিশনার-২ এর যোগাযোগ অব্যাহত রয়েছে। ইতিপূর্বে অডিট আপত্তিসমূহের হার্ডকপি রাজস্ব অডিট অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করা হয়েছে। এছাড়া উপ-ভূমি সংস্কার কমিশনার-২ জানান,প্রেরিত ০৬টি অডিট আপত্তির মধ্যে ০৩টি নিষ্পন্ন হয়েছে। অবশিষ্ট ০৩টি নিষ্পত্তির প্রক্রিয়াধীন রয়েছে। বাকী অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পন্ন করার জন্য যোগাযোগ অব্যাহত রাখতে হবে মর্মে চেয়ারম্যান নির্দেশনা প্রদান করেন। | (ক) বাকী ০৩টি অডিট আপত্তি দ্রুত নিষ্পন্ন করার জন্য যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | (ক) সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ (অতিরিক্ত দায়িত্বঃ হিসাব রক্ষণ কর্মকর্তা)/ হিসাব শাখা |
| | | (খ) ভূমি সংস্কার বোর্ডের ও বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার কার্যালয়সমূহের বাজেট বাস্তবায়ন বিষয়ে নিয়মিত অগ্রগতি পর্যালোচনা করা প্রয়োজন মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | (খ) ভূমি সংস্কার বোর্ডের চলতি অর্থবছরের বিগত ০৬ মাসের (ডিসেম্বর/২০২৫ পর্যন্ত) বাজেট বাস্তবায়নের বিবরণী আগামী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | (খ) বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার (সকল) সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ (অতিরিক্ত দায়িত্বঃ হিসাব রক্ষণ কর্মকর্তা)/ হিসাব শাখা |
| (৩) | ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তা ও বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণ কর্তৃক মাঠ পর্যায়ের ভূমি অফিসসমূহ পরিদর্শন | (ক) সহকারী ভূমি সংস্কার কমিশনার-৪ সভাকে অবহিত করেন যে, রংপুর বিভাগের পঞ্চগড় জেলার উপজেলাধীন পঞ্চগড় সদরে ১১-১২-২০২৫ খ্রি: তারিখে, ময়মনসিংহ বিভাগের ময়মনসিংহ জেলার ফুলপুর উপজেলা ২০/১১/২০২৫ এবং ময়মনসিংহ সদর উপজেলা ২৫/১১/২৫ তারিখে, খুলনা বিভাগে কুষ্টিয়া সদর উপজেলায় ২৭/১০/২০২৫ তারিখে এবং ঝিনাইদাহ, হরিণাকুন্ড উপজেলায় ১১/১২/২০২৫ তারিখে প্রশিক্ষণ সফলতার সাথে সমাপ্ত হয়েছে। অবশিষ্ট মাঠ পর্যায়ে প্রশিক্ষণ চলমান রয়েছে।<br><br>আগামী জুন/২০২৬ খ্রি. পর্যন্ত চেয়ারম্যান মহোদয়ের মাঠ পর্যায়ে প্রশিক্ষণ শিডিউল তৈরি করার বিষয়ে আলোচনা হয়। এছাড়াও প্রতিটি প্রশিক্ষণে সংশ্লিষ্ট বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণ তদারকি করবেন মর্মে আলোচনা হয়। | (ক) মাঠ পর্যায়ে প্রশিক্ষণ দ্রুততম সময়ে শেষ করতে হবে।<br>আগামী জুন/২০২৬ খ্রি. পর্যন্ত চেয়ারম্যান মহোদয়ের মাঠ পর্যায়ে প্রশিক্ষণ শিডিউল তৈরি করতে হবে। প্রতিটি প্রশিক্ষণে সংশ্লিষ্ট বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণ তদারকি করবেন। | (ক) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব/ সহকারী ভূমি সংস্কার কমিশনার-৪ |
| | | (খ) বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণ (নবযোগদানকৃত) তাদের কর্মপরিকল্পনা জুন/২০২৬ পর্যন্ত চেয়ারম্যান মহোদয় বরাবর দাখিল করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | (খ) বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণ (নবযোগদানকৃত) তাদের কর্মপরিকল্পনা জুন/২০২৬ পর্যন্ত চেয়ারম্যান মহোদয় বরাবর দাখিল করবেন। | (খ) বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার (নবযোগদান কৃত) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (গ) বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণ বিগত অর্থবছরে কয়টি অফিস পরিদর্শন করেছেন সে সংক্রান্ত তথ্য চেয়ারম্যান মহোদয় বরাবর পেশ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | (গ) বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণ বিগত অর্থবছরে কয়টি অফিস পরিদর্শন করেছেন সে সংক্রান্ত তথ্য চেয়ারম্যান মহোদয় বরাবর পেশ করবেন। | (গ) বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার (সকল) |
| | | (ঘ) উপ-ভূমি সংস্কার কমিশনার, খুলনা বিভাগ, খুলনা এবং উপ-ভূমি সংস্কার কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ নিজ নিজ অফিস পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন চেয়ারম্যান মহোদয় বরাবর দাখিল করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | ( ঘ) উপ-ভূমি সংস্কার কমিশনার, খুলনা বিভাগ, খুলনা এবং উপ-ভূমি সংস্কার কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ নিজ নিজ অফিস পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন চেয়ারম্যান মহোদয় বরাবর দাখিল করবেন | (ঘ) উপ-ভূমি সংস্কার কমিশনার, খুলনা বিভাগ, খুলনা এবং উপ-ভূমি সংস্কার কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ |
| (৪) | ভূমি উন্নয়ন করের সঠিক দাবি নির্ধারণ এবং আদায় | মন্ত্রণালয় ভিত্তিক সংস্থার ভূমি উন্নয়ন করের সঠিক দাবি নির্ধারণ এবং আদায় সংক্রান্ত ভূমি সংস্কার বোর্ডের শাখা-৫ হতে ২০-১১-২০২৫ তারিখের ২৫৯ নং স্মারকে প্রেরিত পত্রের প্রেক্ষিতে ১৯টি জেলা হতে তথ্য পাওয়া গেছে। বাকী ৪৫টি জেলা হতে তথ্য প্রাপ্তি সাপেক্ষে দ্রুততম সময়ের মধ্যে সকলকে নিয়ে একটি কর্মশালা আয়োজনের জন্য তাগিদ প্রদান করা হয়। | ৬৪ জেলার মন্ত্রণালয় ভিত্তিক সংস্থার ভূমি উন্নয়ন করের সঠিক দাবি নির্ধারণ এবং আদায় সংক্রান্ত তথ্য প্রাপ্তি সাপেক্ষে দ্রুততম সময়ের মধ্যে সকলকে নিয়ে একটি কর্মশালা আয়োজন করতে হবে। | সহকারী ভূমি সংস্কার কমিশনার-৫/৬ |
| (৫) | ভূমি সংস্কার বোর্ডের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ | ভূমি সংস্কার বোর্ডের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ কার্যক্রম চলমান রাখতে নির্দেশনা প্রদান করা হয়। | ভূমি সংস্কার বোর্ডের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ অব্যাহত রাখতে হবে। | আইটি শাখা |
| (৬) | বিবিধ | মাঠ পর্যায়ে মিউটেশন কার্যক্রম বেগবান ও সুষ্ঠুভাবে মনিটরিং করার লক্ষ্যে ই-মিউটেশন বাস্তবায়নকারী সংস্থা অটোমেশন-এর একজন প্রতিনিধি ভূমি সংস্কার বোর্ডের সমন্বয় সভায় উপস্থিত থাকার জন্য অটোমেশন-এর প্রজেক্ট ডিরেক্টরকে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | মাঠ পর্যায়ে মিউটেন কার্যক্রম বেগবান ও সুষ্ঠুভাবে মনিটরিং করার লক্ষ্যে ই-মিউটেশন বাস্তবায়নকারী সংস্থা অটোমেশন-এর একজন প্রতিনিধি ভূমি সংস্কার বোর্ডের সমন্বয় সভায় উপস্থিত থাকার জন্য অটোমেশন-এর প্রজেক্ট ডিরেক্টরকে পত্র প্রেরণ করতে হবে। | সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ |

আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মাঠ পর্যায়ের ভূমি ব্যবস্থাপনা কার্যক্রম আরো গতিশীল ও জনবান্ধব করার উপর সর্বাধিক গুরুত্ব আরোপ করে সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

05-01-2026
এ.জে.এম. সালাহ্ উদ্দিন নাগরী
চেয়ারম্যান
০২৪১০১০৪৪৩
chairman@lrb.gov.bd

তারিখ: ২১ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৫ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৩১.০২.০০০০.০০০.০১১.০৯.০০০১.২৩.২

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, ভূমি মন্ত্রণালয়।
২। উপ-ভূমি সংস্কার কমিশনার, ১/২/৩, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।।
৩। উপ-ভূমি সংস্কার কমিশনার (সকল বিভাগ)।
৪। সহকারী ভূমি সংস্কার কমিশনার, ১/২/৩/৪/৫/৬, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।।
৫। চেয়ারম্যান এর একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, ভূমি সংস্কার বোর্ড।
৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব রক্ষণ কর্মকর্তার দপ্তর, ভূমি সংস্কার বোর্ড।
৭। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/ সহকারী প্রোগ্রামার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।।
৮। প্রশাসনিক কর্মকর্তা, (সকল)।

০৫-০১-২০২৬
শ্রাবণী রায়
সহকারী ভূমি সংস্কার কমিশনার